

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
রাষ্ট্রাচার অনুবিভাগ  
ঢাকা

নং-পম/রাষ্ট্রাচার (সফর)/বহিঃ/ইউএনজিএ-৭১তম/২০১৬/প্র-০৯

১০ আগস্ট ২০১৬

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)  
সেগুনবাগিচা, ঢাকা

প্রেরকঃ মুহাম্মদ সফিউল আজম  
সহকারী সচিব (সফর-১)

বিষয়ঃ আগামী ১৪-২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত যথাক্রমে কানাডা ও নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারি সফরের মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

আগামী ১৪-১৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত মন্ট্রিল, কানাডা-তে “ Global Fund Replenishment Conference ” শীর্ষক কনফারেন্স এবং “জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশন” আগামী ১৭-২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানসমূহে যোগদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তাঁর এ সফরের সফরসঙ্গী দলের সদস্য হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিম্নলিখিত কর্মচারীগণ অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তানুযায়ী আগামী ১৪-২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত যথাক্রমে কানাডা ও নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে সরকারি সফর করবেনঃ

১. জনাব মোঃ আবু জাফর, প্রটোকল সহকারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. জনাব মোঃ বিল্লাল হোসেন, প্রটোকল সহকারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০২। সফর সংশ্লিষ্ট শর্তাবলীঃ

- ক) এ সফরের উদ্দেশ্যে তাঁরা ১৪ সেপ্টেম্বর ২০১৬ বা তার নিকটবর্তী সময়ে মন্ট্রিল, কানাডার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং আগামী ২৭ সেপ্টেম্বর ২০১৬ বা এর নিকটবর্তী সময়ে নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র হতে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।
- খ) এ সফরকালীন তাঁরা সরকারি কাজে নিয়োজিত রয়েছেন বলে গন্য হবেন।
- গ) এ সফরকালীন বেতন ভাতাদি তাঁরা স্থানীয় মুদ্রায় প্রাপ্য হবেন। বেতন ভাতাদির কোন অংশই বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- ঘ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তাঁরা বিদেশে অবস্থান করতে পারবেন না।

৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরীপত্র জারী করা হলো।

মন্ট্রিল

আপনার একান্ত,

(মুহাম্মদ সফিউল আজম)  
সহকারী সচিব (সফর-১)  
ফোনঃ ৯৫৫৩১৯৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব মোঃ আবু জাফর, প্রটোকল সহকারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৩. সহকারী কমিশনার (কাস্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৫. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জনাব মোঃ আবু জাফর, প্রটোকল সহকারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. জনাব মোঃ বিল্লাল হোসেন, প্রটোকল সহকারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. অফিস কপি।

(মুহাম্মদ সফিউল আজম)  
সহকারী সচিব (সফর-১)